



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

জেলা সমবায় অফিস
পাবনা

cooperative.pabna.gov.bd

বঙ্গবন্ধুর দর্শন, সমবায় উন্নয়ন

তথ্য অধিকার কর্মপরিকল্পনা কমিটির সভা কার্যবিবরণী

সভাপতি	সোলাইমান বেগ জেলা সমবায় কর্মকর্তা ও সভাপতি, তথ্য অধিকার কর্মপরিকল্পনা সংক্রান্ত কমিটি
সভার তারিখ	১৩ জুন ২০২৩।
সভার সময়	সকাল ১১:০০ ঘটিকা।
স্থান	জেলা সমবায় কার্যালয়, পাবনা।
উপস্থিতি	০৩(তিন) জন।

তথ্য অধিকার কর্মপরিকল্পনা কমিটির উপস্থিতি: পরিশিষ্ট-“ক”

অধ্যক্ষ সভায় সভাপতি তথ্য অধিকার কর্মপরিকল্পনা কমিটির উপস্থিতি সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় যুগ্ম-নিবন্ধক, বিভাগীয় কার্যালয়, রাজশাহী বিভাগ, রাজশাহী মহোদয়ের কার্যালয়ের স্মারক নম্বর-৪০.৬১.০০০০.২৪২.১৮.০০৪.১৩.৭, তারিখ: ২৯/১০/২০২০ খ্রিষ্টাব্দ তারিখের নির্দেশনা মোতাবেক জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩ বাস্তবায়নে তথ্য অধিকার কমিটি, জেলা সমবায় কার্যালয়, পাবনা কর্তৃক আলোচ্যসূচি মোতাবেক ব্যাপক আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহিত হয়।

ক্রঃনং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
		১.১ তথ্য অধিকার আইন অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে তথ্য প্রদান: তথ্য অধিকার কর্মপরিকল্পনা সভার সদস্য সচিব জনাব মোঃ সিরাজুল ইসলাম সভাকে জানান যে, প্রতি ত্রৈমাসে একটি করে তথ্য অধিকার কমিটির সভার অনুষ্ঠান করে পরবর্তী মাসের ৩ তারিখের মধ্যে সভার কার্যবিবরণী বিভাগীয় সমবায় কার্যালয়, রাজশাহীতে প্রেরণ করার নির্দেশনা রয়েছে। ২০২২-২০২৩ সনের এপিএ চুক্তিতে প্রতি কোয়ার্টারে/ত্রৈমাসে হালনাগাদকরণের চুক্তি সম্পাদন করা হয়েছে। এ বিষয়ে সভায় ব্যাপক আলোচনা করা হয়।	১। বিভাগীয় সমবায় কার্যালয়, রাজশাহী হতে পুনরায় নির্দেশনা না আসা পর্যন্ত পূর্বের নির্দেশনাপত্র মোতাবেক প্রতি ত্রৈমাসে ১টি করে তথ্য অধিকার সভা যথারিতি আয়োজন করা হচ্ছে এবং কার্যবিবরণীর আলোকে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়া হচ্ছে।	তথ্য অধিকার কমিটি।
		১.২ স্বপ্রনোদিতভাবে প্রকাশযোগ্য তথ্য হালনাগাদ করে ওয়েবসাইটে প্রকাশ: তথ্য অধিকার কর্মপরিকল্পনা কমিটির সভাপতি সকল সিদ্ধান্ত বাস্তবায়ন করা হয় বলে সভাকে অবহিত করেন। এ বিষয়ে ব্যাপক আলোচনা করা হয়।	১। স্বপ্রনোদিতভাবে প্রকাশযোগ্য তথ্য হালনাগাদ করে ওয়েবসাইটে যথাসময়ে প্রকাশ করা হচ্ছে। এবং তথ্য অধিকার কমিটির সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন করার জন্য কমিটির সকল সদস্যগণকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে বলা হয়েছে।	তথ্য অধিকার কমিটি।

০১	প্রাতিষ্ঠানিক ব্যবস্থা।	১.৩ বার্ষিক প্রতিবেদন প্রকাশ: তথ্য অধিকার কর্মপরিকল্পনা কমিটির সভাপতি অর্থ বছর শেষ হলে বার্ষিক প্রতিবেদন প্রকাশ করা হবে বলে মতামত ব্যক্ত করেন। এ ব্যাপক গুরুত্ব সহকারে আলোচনা করা হয়।	১। গত ২৭ অক্টোবর ২০২২ তারিখ বার্ষিক প্রতিবেদন প্রকাশ করা হয়েছে এবং ওয়েবপোর্টালে আপলোড করা হয়েছে।	প্রশিক্ষক
		১.৪ তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৫ ধারা অনুসারে যাবতীয় তথ্যের ক্যাটাগরি ও ক্যাটালগ তৈরী/হালনাগাদকরণ: তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৫ ধারা অনুসারে যাবতীয় তথ্যের ক্যাটাগরি ও ক্যাটালগ তৈরী/হালনাগাদকরণ এর বিষয়ে ব্যাপক আলোচনা করা হয়।	১। তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৫ ধারা অনুসারে যাবতীয় তথ্যের ক্যাটাগরি ও ক্যাটালগ তৈরী/ হালনাগাদকরণ করা হয়েছে এবং ইতোমধ্যে ওয়েবপোর্টালে আপলোড করা হয়েছে। তথ্য অধিকার কমিটির সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন করার জন্য কমিটির সকল সদস্যকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে বলা হয়েছে।	তথ্য অধিকার কমিটি।
		১.৫ তথ্য অধিকার আইন ও বিধিবিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকরণ: তথ্য অধিকার কর্মপরিকল্পনা কমিটির সদস্য সচিব প্রধান জনাব মোঃ সিরাজুল ইসলাম সভাকে জানান যে, ৩য় কোয়ার্টারের মধ্যে লক্ষ্যমাত্রা রয়েছে। এ বিষয়ে ব্যাপক গুরুত্ব সহকারে আলোচনা করা হয়।	১। তথ্য অধিকার আইন ও বিধিবিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকরণের লক্ষ্যে জনসাধারণের মধ্যে এ সংক্রান্ত লিফলেট বিতরণ করা হয়েছে এবং প্রতি ত্রৈমাসে তথ্য অধিকার কমিটির সভার আয়োজন করতে হবে মর্মে এ সংক্রান্ত কমিটির সকল সদস্যকে অবহিত করা হয়েছে।	তথ্য অধিকার কমিটি।
		১.৬ তথ্য অধিকার বিষয়ে কর্মকর্তাদের প্রশিক্ষণ আয়োজন করার প্রয়োজনীয় ব্যবস্থা করতে হবে: তথ্য অধিকার কর্মপরিকল্পনা কমিটির সভাপতি তথ্য অধিকার বিষয়ে কর্মকর্তাদের প্রশিক্ষণ আয়োজন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য সভাকে অবহিত করেন। এ বিষয়ে ব্যাপক আলোচনা করা হয়।	১. তথ্য অধিকার বিষয়ে কর্মকর্তাদের প্রশিক্ষণ আয়োজন করা হয়েছে।	প্রশিক্ষক

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



১৩-০৬-২০২৩

সোলাইমান বেগ

জেলা সমবায় কর্মকর্তা ও সভাপতি, তথ্য অধিকার কর্মপরিকল্পনা সংক্রান্ত কমিটি

নম্বর: ৪৭.৬১.৭৬০০.০০০.৪৫.০০১.২৩.২৮৭১

তারিখ: ৩০ জ্যৈষ্ঠ ১৪৩০
১৩ জুন ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। জনাব মোঃ আনিছুর রহমান, জেলা সমবায় অফিস, পাবনা;
- ২। জনাব এ. কে. এম নুরুজ্জামান, জেলা সমবায় অফিস, পাবনা;
- ৩। জনাব মোঃ আবুল হোসেন, জেলা সমবায় অফিস, পাবনা;
- ৪। জনাব রাশী রহমান রানী, অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, জেলা সমবায় অফিস, পাবনা (তাকে তথ্য অধিকার কর্মপরিকল্পনা সংক্রান্ত কমিটির সভার কার্যবিবরণী ওয়েব পোর্টালে আপলোড করার জন্য বলা গেলো) এবং
- ৫। বিভাগীয় যুগ্ম-নিবন্ধক, যুগ্ম নিবন্ধকের দপ্তর, বিভাগীয় সমবায় কার্যালয়, রাজশাহী (ইহা মহোদয়ের সদয় জ্ঞাতার্থে)।



সকল সংযুক্তিসমূহ:

(১) তথ্য অধিকার

A handwritten signature in black ink, appearing to read 'S. B. Beg'.

১৩-০৬-২০২৩
সোলাইমান বেগ
জেলা সমবায় কর্মকর্তা